

৭ জানু

ডিগ্রি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি ধার্য লাকসাম সরকারি কলেজের অধ্যক্ষ ৪ ঘণ্টা অবরুদ্ধ

হাতিনিধি, লাকসাম (কুমিল্লা)

লাকসাম নবাব ফজলুল্লাহ সরকারি কলেজের ডিগ্রি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি ধার্য করার প্রতিবাদে ছাত্রছাত্রীরা গতকাল সোমবার অধ্যক্ষ প্রফেসর ওয়াদুদ মো. আলমগীরকে ৪ ঘণ্টা অফিস কক্ষে ঘেরাও করে রাখে। খবর পেয়ে থানা পুলিশ অধ্যক্ষকে মুক্ত করে।

চুরু ছাত্রছাত্রীদের অভিযোগ, আসন্ন বিএ, বিএসএস, বিএসসি পরীক্ষার ফরম পূরণের জন্য কলেজ কর্তৃপক্ষ বিভিন্ন বাত দেখিয়ে নোটিশ একটি বিজ্ঞপ্তি টানিয়ে দেয়। এতে বিএ ও বিএসএস পরীক্ষার্থীদের ১ হাজার ৭৪২ টাকা এবং বিএসসি পরীক্ষার্থীদের ১ হাজার ৮৯২ টাকা লাকসাম কৃষি ব্যাংকে

জমা দিয়ে কলেজ থেকে ফরম সংগ্রহ করে তা পূরণের জন্য নির্দেশ দেয়। বিজ্ঞপ্তি দেখে পরীক্ষার্থীরা বিক্ষোভে ফেটে পড়ে। তারা গতকাল কলেজের প্রশাসনিক ভবনের মূল ফটকে তালা লাগিয়ে সকাল ১১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত অধ্যক্ষসহ অন্যান্য শিক্ষক-কর্মচারীকে ঘেরাও করে রাখে। এ সময় ছাত্রছাত্রীরা অতিরিক্ত ফি প্রত্যাহার এবং অধ্যক্ষের পদত্যাগ দাবি করে বিক্ষোভ প্রদর্শন করে। পরে লাকসাম থানা পুলিশের সহকারী উপ-পরিদর্শক (এএসআই) মাহমুদ ঘটনাস্থলে গিয়ে অবরুদ্ধ অধ্যক্ষ প্রফেসর ওয়াদুদ মো. আলমগীরসহ অন্যদের মুক্ত করেন। চুরু ছাত্রছাত্রীরা পরে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে গিয়ে একটি অভিযোগপত্রও পেশ করেছে।

পরীক্ষার্থীরা জানায়, কলেজ কর্তৃপক্ষ ফরম পূরণের ফিতে উন্নয়ন তহবিল ছাত্র সংসদ, আন্তঃকৌতুকা, বহিঃকৌতুকা, ম্যাগাজিন, অধিভুক্তি, পরিবহন, চিকিৎসাসহ ১৬টি বাত দেখিয়ে যে ফি ধার্য করেছেন তার কোন কার্যক্রম নেই। এছাড়াও কেন্দ্র ফি এবং সেশন ফির নামে কর্তৃপক্ষ আরও অতিরিক্ত টাকা আদায়ের যে বিজ্ঞপ্তি আরি করেছে তা অবৈধ। গত বছর কলেজের ডিগ্রি পরীক্ষার্থী ছাত্রছাত্রীরা ১ হাজার ৩শ' টাকা ফি দিয়ে ফরম পূরণ করেছে।

লাকসাম উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) একেএম মামুনুর রশিদ জানান, ছাত্রছাত্রীদের অভিযোগ তিনি পেয়েছেন। এ ব্যাপারে শিগগিরই অধ্যক্ষ ছাত্রছাত্রীদের সঙ্গে বসে সিদ্ধান্ত নেবেন।